

Total No. of Printed Pages—7

1 SEM FYUGP AECBNL1

2025

(November)

BENGALI

(Modern Indian Language)

Paper : AECBNL—1

(বাংলা ভাষা ও সাহিত্য)

Full Marks : 60 (80 for 2023 Batch)

Time : 2 hours (3 hours for 2023 Batch)

*The figures in the margin indicate full marks
for the questions*

প্রথম একক

- ১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২
- (ক) 'চর্ষাপদ' বাংলা ভাষার কোন্ স্তরের নিদর্শন?
- (খ) কোন্ প্রাকৃত থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে?
- (গ) আদিমধ্য বাংলা ভাষার কালসীমা উল্লেখ করো।

(2)

(3)

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 8

- (ক) নব্য ভারতীয় আর্থভাষার পরিচয় দাও।
(খ) মধ্য বাংলা ভাষাকে কয়টি স্তরে ভাগ করা হয়?
যে কোনো একটি স্তরের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

- (ক) বাংলা ভাষার উদ্ভবের সময়কাল (মাগধী অপভ্রংশ, অবহট্ট) থেকে বর্তমান কাল পর্যন্ত যুগবিভাগ করে প্রতিটি যুগের ভাষা-বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
(খ) আধুনিক বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

দ্বিতীয় একক

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

- (ক) 'Dialect' শব্দের বাংলা পরিভাষা কী?
(খ) রাঢ় উপভাষা প্রচলিত একটি স্থানের নাম উল্লেখ করো।
(গ) অসমে প্রচলিত যে কোনো একটি বাংলা উপভাষার নাম উল্লেখ করো।

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 8

- (ক) চট্টগ্রামী ও ঢাকাইয়া উপভাষার মধ্যে একটি তুলনামূলক আলোচনা তুলে ধরো।
(খ) 'শ্রীহট্টীয় উপভাষার সাধারণ পরিচয়' বিষয়ে একটি টীকা প্রস্তুত করো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

- (ক) রাঢ়ী এবং বঙ্গালী উপভাষার ভৌগোলিক অবস্থান উল্লেখ করে এই দুই উপভাষার মধ্যে থাকা পার্থক্যসমূহ উল্লেখ করো।

- (খ) বরেন্দ্রী উপভাষার অবস্থান ও ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

তৃতীয় একক

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

- (ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটি কবে প্রকাশিত হয়?
(খ) প্রহসনটির মোট দৃশ্যসংখ্যা কত?
(গ) হরকামিনী কে?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 8

- (ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের বাবাজি চরিত্রটির গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।
(খ) 'একেই কি বলে সভ্যতা?' নামকরণের সার্থকতা বিচার করো।

(4)

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

- (ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে মধুসূদন দত্ত উনিশ শতকের বাবু সমাজের (কলকাতার) যে পরিচয় দিয়েছেন তা আলোচনা করো।
- (খ) নবকুমার চরিত্রটি আলোচনা করো।

চতুর্থ একক

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

- (ক) রতনের বয়স কত?
- (খ) দুর্ধারামের স্ত্রীর নাম কী?
- (গ) মৃগালের ভাইয়ের নাম কী?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

- (ক) 'দেনাপাওনা' গল্প অবলম্বনে রামসুন্দর মিত্রের চরিত্রটি তুলে ধরো।
- (খ) 'নিশীথে' গল্পের দক্ষিণাচরণের প্রথম পঙ্কের স্ত্রীর চরিত্রটি আলোচনা করো।

26P/26

(Continued)

(5)

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

- (ক) 'শান্তি' গল্পে প্রতিফলিত সমাজচিত্রের পরিচয় দাও।
- (খ) "'পোস্টমাস্টার' গল্পের নাম পোস্টমাস্টার হলেও গল্পে রতন চরিত্রটি পোস্টমাস্টারের থেকে বেশি উজ্জ্বল হয়ে উঠেছে।" আলোচনা করো।

(২০২৩ ইং বর্ষের ছাত্র-ছাত্রীদের জন্য অতিরিক্ত ২০ নম্বরের প্রশ্নপত্র)

১৩। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৫=৫

- (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি বাংলা ভাষার কোন্ স্তরের নিদর্শন?
- (খ) বাংলা উপভাষা কয় প্রকার?
- (গ) নবকুমারের বন্ধুর নাম কী?
- (ঘ) 'পোস্টমাস্টার' গল্পে কোন্ গ্রামের উল্লেখ রয়েছে?
- (ঙ) চন্দ্রার স্বামীর নাম কী?

১৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

- (ক) বাংলা ভাষার যুগবিভাগগুলো নির্দেশ করো।
- (খ) ঝাড়খণ্ডী উপভাষার ভৌগোলিক অবস্থান উল্লেখ করে যে কোনো চারটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

26P/26

(Turn Over)

(6)

- (গ) 'একেই কি বলে সভ্যতা?' গ্রন্থের কঠামশাই চরিত্রটি আলোচনা করো।
- (ঘ) নিরুপমা চরিত্রটি আলোচনা করো।

[In Lieu of Internal Assessment (IA)]

- (A) For 2023 Batch, the candidates shall have to attempt all the four questions from **Q.Nos. 13 to 16**.
- (B) For 2024 (Back) and 2025 (Regular) Batch, the candidates shall have to attempt **Q.Nos. 15 and 16** only.

১৫। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৫=৫

- (ক) "বাংলা, অসমীয়া এবং উড়িয়া ভাষাগুলো মাগধী-প্রাকৃতের অন্তর্গত।" এটি শুদ্ধ না অশুদ্ধ লেখো।
- (খ) বরাক উপত্যকায় প্রচলিত উপভাষাটির নাম কী?
- (গ) 'জ্ঞানতরঙ্গিণী সভা' কোথায় অবস্থিত?
- (ঘ) ছিদামের স্ত্রীর নাম কী?
- (ঙ) বিন্দু চরিত্রটি কোন্ গল্পে রয়েছে?

26P/26

(Continued)

(7)

১৬। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

- (ক) প্রাচীন ভারতীয় আর্থের সময়কাল ও সাহিত্যিক নিদর্শনগুলি উল্লেখ করো।
- (খ) কামরূপী উপভাষার ভৌগোলিক অবস্থান উল্লেখ করে এই উপভাষার যে কোনো চারটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- (গ) 'জ্ঞানতরঙ্গিণী সভা'র কার্যকলাপ সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) 'নিশীথে' গল্পে মনোরমা চরিত্রের গুরুত্ব কতটা? আলোচনা করো।

26P—2800/26

1 SEM FYUGP AECBNL1